গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০০৭.২০.২২

তারিখ: ২৮ মাঘ ১৪২৭
১১ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: **বরিশাল জেলার সদর উপজেলাধীন রূপাতলী জাগুয়া কলেজের বিজ্ঞান শাখার গণিত বিষয়ের প্রভাষক সমর কুমার সিকদারের বকেয়া বেতন ভাতাদি ছাড়করণ।**

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.১১১.৩৩.৪৬৮.১৬-৪৭/৩
তারিখ-২৩.০১.২০২১খ্রি.

উপর্যুক্ত বিষয় পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বরিশাল জেলার সদর উপজেলাধীন রূপাতলী জাগুয়া কলেজের ২০১২ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বিজ্ঞান শাখার ফলাফল সন্তোষজনক না হওয়ার কারণে বিজ্ঞান বিভাগের প্রভাষকের বেতন-ভাতা স্থগিত করা হয়। বেতন-ভাতা স্থগিতকরণের বিরুদ্ধে জনাব সমর কুমার সিকদার, প্রভাষক (গনিত) মহামান্য হাইকোর্টের রীট পিটিশন নং ১৩৯৬১/২০১৬ মামলা দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ রিট পিটিশন নং-১৩৯৬১/২০১৬ মামলায় বিগত ১৬/০৫/২০১৮ তারিখে রায় ও আদেশ প্রদান করেন। যা নিম্নরুপ;

“In the result, the Rule is disposed of. The respondents are directed to release the government portion of salary, Monthly Pay Order (M.P.O) of the petitioner with arrear and other service benefit, if any within 1 (one) month on receipt of this judgment and order without any fail”.

রায়ে পিটিশনারের বেতন-ভাতা বকেয়াসহ প্রদানের জন্য বিবাদীগণকে নির্দেশ প্রদান করা হয়। মহামান্য হাইকোর্ট বিভাগ রিট পিটিশন নং-১৩৯৬১/২০১৬ মামলার রায়ের বিরুদ্ধে সরকার পক্ষ আপিল নং-৩৮০/২০১৯ দায়ের করেন। মহামান্য সুপ্রিম কোর্ট বিভাগের আপিল নং-৩৮০/২০১৯ মামলার নিম্নরুপ রায় প্রদান করে ;

“The leave petition is out of time by 262 day but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory.

Accordingly, the Civil Petition for leave to Appeal is dismissed as barred by limitation.”

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রায়, মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগের রায় এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামতের আলোকে বরিশাল জেলার সদর উপজেলাধীন রূপাতলী জাগুয়া কলেজ, প্রভাষক সমর কুমার সিকদার, ইনডেক্স নং ৩০১১১১৬ এর বকেয়া বেতন ভাতাদি নিষ্পত্তির (সেপ্টেম্বর/২০১৩ হইতে অক্টোবর/২০২০) লক্ষ্যে শিক্ষক-কর্মচারীর বেতন-ভাতার সরকারি অংশ স্থগিত, কর্তন ও বাতিল সংক্রান্ত গঠিত কমিটির পরবর্তী সভায় উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১১-২-২০২১
মোঃ সেলিম সিকদার
সহকারী সচিব
ফোন: ০১৭১২৭৪৯৯৭৪
ইমেইল:
salimsikder20@yahoo.com

অতিরিক্ত সচিব
মাধ্যমিক-২ অনুবিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০০৭.২০.২২/১(৫)

তারিখ: ২৮ মাঘ ১৪২৭
১১ ফেব্রুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৪) অধ্যক্ষ, রূপাতলী জাগুয়া কলেজ, সদর, বরিশাল।
৫) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

১১-২-২০২১
মোঃ সেলিম সিকদার
সহকারী সচিব